গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিপুর, সুনামগঞ্জ।
www.tahirpur.sunamganj.gov.bd

**জানুয়ারী/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী :**

সভাপতি : মো : আবুল হাসেম, উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও প্রশাসক, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাহিরপুর।
সভার তারিখ : ৩০-০১-২০২৫ সময় : বেলা- ১২.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভাকে জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ইন্ডোর ও আউটডোরের কার্যক্রম যথাযথভাবে চলছে। তাছাড়া কমিউনিটিগুলোর কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করা হচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টিভি কর্ণারে যক্ষা রোগের বিনামূলে পরীক্ষা ও সেবা কার্যক্রম চলমান আছে। কিউ আই সি এর মাধ্যমে উপজেলার পরিবেশ উন্নয়নের কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে উপজেলা কমিউনিটি ক্লিনিক সমূহের স্বাস্থ্যসেবার মান বৃদ্ধির জন্য নিয়মিত মনিটরিং করা। মনিটরিং করে নিয়মিত মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>সেবা প্রদানে সেবা গ্রহীতাদের কোন প্রকার দুর্ভোগ পোহাতে না হয় সে বিষয়ে বিশেষ লক্ষ্য রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর। |
| ০২ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর সভাকে জানান বোরো আবাদ হয়েছে ১৭৪৩৯ হেক্টর, হাইব্রিড ধান ১৯২৯ হেক্টর, শাক শবজি ১৭০৯ হেক্টর, সার বীজের কোন প্রকার সংকট নাই। প্রণোদনা ও প্রদর্শনী প্রশিক্ষণের মাধ্যমে আধুনিক জাত ও কলাকৌশল সম্পর্কে কৃষকগণের প্রযুক্তি সম্প্রসারণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান স্মার্ট কৃষি কার্ড করণের জন্য সরকারি নির্দেশনা এসেছে। ধান কাটার বিষয়ে ধান কাটার মেশিন হারভেস্টার প্রকৃত কৃষকদের মধ্যে যাচাই-বাছাই করে বরাদ্দ সাপেক্ষে বিতরণ করা হবে বলে সভাকে অবহিত করেন। এক ফসলি বোরো ফসল রক্ষার জন্য হাওরের সংশ্লিষ্ট বেরী বাঁধ সম্পর্কে হাওর মনিটরিং কমিটি ও জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতার জন্য আহবান করেন। | বিস্তারিত আলোচনান্তে ফসল কর্তনের পূর্ব মূহুত পর্যন্ত মাঠ পর্যায়ে পরিদর্শন অব্যাহত রাখা এবং কৃষকগণকে ফসল উৎপাদনের ক্ষেত্রে সার্বিক বিষয়ে সুপরামর্শ ও সহযোগিতা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। বোরো এক ফসলি ফসল রক্ষার জন্য সংশ্লিষ্ট হাওরের বেরী বাঁধ সম্পর্কে সঠিক তদারকি রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০৩। ধান কাটার মেশিন বরাদ্দ আসা মাত্রই উপজেলা প্রশাসন তাহিরপুরকে অবহিত করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৩ | **প্রাণি সম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,তাহিরপুরে পক্ষে প্রতিনিধি সভায় জানান মাঠ পর্যায়ে ভ্যাকসিন কার্যক্রম এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নত জাতের গরুর জাত উন্নয়নের কাজ চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বলার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বলার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৬ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ ছাড়া তিনি আরও জানান ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির টেন্ডার কল করা হয়েছে। সংশ্লিষ্ট কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা প্রকৌশলী আরো জানান তাহিরপুর উপজেলা পরিষদের নতুন বহুতল ভবন বরাদ্দের বিষয়ে কি সিদ্ধান্ত হবে তা আগামী সেপ্টেম্বর/২০২৫ মাসের এর মধ্যে জানা যাবে। তিনি সভাকে আরো অবহিত করেন বাদাঘাট পাতারগাঁও রাস্তা ও ব্রিজের কাজ চলমান থাকায় জনসাধারণের চলাচলে মারাত্নক অসুবিধা হচ্ছে। তাই দ্রুত কাজটি বাস্তবায়নসহ জনসাধারণের চলাচলের উপযোগী করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>২। বিস্তারিত আলোচনান্তে বাদাঘাট পাতারগাঁও রাস্তা ও ব্রিজের কাজ দ্রুত বাস্তবায়নপূর্বক জনসাধারণের চলাচলের উপযোগী করার বিষয়ে উপজেলা প্রকৌশলী তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট সকল। |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে সভায় উপস্থিত প্রতিনিধি সভাকে জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলায় মোট সক্ষম দম্পত্তি ৩৯,৪৮৩ জন। সর্বমোট ২৯৭২২ জন জন্মবিরতি পদ্ধতি গ্রহণ করেছে। সিএআর ৭৩.৩২% তার মধ্যে সর্বমোট খাবার বড়ি ২৭৫৫১জন। কনডম ৪৪১২৫ জন, ইনজেকশন ৯৬৪৪ জন। আইইও ১৩৭৮ জন, ইমপ্ল্যান্ড ৩৮৩১ জন, স্থায়ী ১৬০৭ জন, মহিলা স্থায়ী ২৫৭৫৫জন। অন্যান কাজ চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পালন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। উপজেলা ইউনিয়ন স্বাস্থ্য কল্যাণ ক্লিনিক নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বলার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর।** |
| | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা, তাহিরপুর, |
| ১০ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা,তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুর, সভায় জানান যে, বন্যা হতে তাহিরপুর বারিক টিলায় এবং নীলাদ্রী লেকে পাবলিক টয়লেট স্থান নির্বাচন করা হয়। বন্যা প্রকল্প থেকে গভীর নলকূপের ইএনডিপি মাধ্যমে জরীপ কাজ শেষ করা হয়েছে। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন ওয়ারী বিভাজনকৃত নলকূপের বিপরীতে কার্যক্রম সংশ্লিষ্ট প্রকল্প ইস্টিমেট মোতাবেক স্থাপনের জন্য উপজেলা জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, তাহিরপুর। |
| ১৩ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার তাহিরপুরের পক্ষে তিনি সভায় জানান ২০২৪-২০২৫ অর্থবছরের টি আর কাবিখা /কাবিটা প্রকল্পের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে তালিকা দেওয়ার জন্য অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর কাবিখা /কাবিটা প্রকল্পের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে দ্রুত প্রকল্পের তালিকা দাখিল করার জন্য অনুরোধ করা হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর সভায় দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর, |
| ১৫ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুর তাহিরপুর সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুরকে | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , তাহিরপুর। |
| ১৬ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর, সভায় অবহিত করেন চলমান অর্থবছরের গ্রাম ভিত্তিকি ভিডিপি মৌলিক প্রশিক্ষণ ১৯-০১-২০২৫-হতে ৩০-০১-২০২৫ পর্যন্ত মোট ১০ (দশ) দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও অফিসার ইনচার্জ তাহিরপুর থানাসহ মোট ১০ (দশ) জন কর্মকর্তা উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণ করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরকে আরও প্রশিক্ষণ বৃদ্ধিসহ টাংগুয়ার হাওরে আনসারগণকে নিয়মিত অভিযান অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর । |
| ১৭ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর শাখা সভায় জানান সঞ্চয় আদায় ১৩,০০,০০০/- ( তের লক্ষ) টাকা, ঋণ আদায় ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ) টাকা,ঋণ বিতরণ ৬৫,০০,০০০/ (পয়ষট্টি লক্ষ) টাকা এবং অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ১৮ | বিট কর্মকর্তা | উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান চলতি অর্থ বছরে আর্থিক পরিচালন ব্যয় এর আওতায় টাংগুয়ার হাওরে রওয়া কান্দায় (ওয়াচ টাওয়ার সংলগ্ন) জগদীশপুর মৌজা উঃ শ্রীপুর প্রস্তাবিত এলাকায় ২৫.০০ হেক্টর উপযুক্ত প্রজাতির বাগান সৃজনের উদ্দেশ্যে কাজ চলমান। উক্ত বাগানটি মাননীয় উপদেষ্টা, পরিবেশ বন ও জলাবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, জেলা প্রশাসক সুনামগঞ্জ মহোদয়ের সভা কক্ষে সভার সিদ্ধান্ত অনুযায়ী নির্দেশনা মোতাবেক সৃজন করা হবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক সহযোগিতায় কাজটি শুরু হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা বনায়ন সৃষ্টির লক্ষ্যে সংশ্লিষ্ট কার্যক্রম নিয়মিত পরিচর্যা রক্ষনা-বেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বিট কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর। |
| ১৯ | তথ্য আপা | তথ্য আপা তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী সভায় উপস্থিত থেকে তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য তথ্য আপাকে অনুরোধ করা হয়। | তথ্য আপা |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | বিবিধ | সভায় আলোচনা করা হয় তাহিরপুর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য ০২টি ব্যাটারী ও একটি আইপিএস ক্রয় করা হয়। উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য জনাব মোঃ সাইফুল ইসলাম এন্টারপ্রাইজ, তাহিরপুর, সুনামগঞ্জ কর্তৃক ২৯-০১-২০২৫ তারিখে ভ্যাট আইটিসহ সর্বমোট ১,১৫,৪৬০/-(এক লক্ষ পনের হাজার চারশত ষাট) টাকার ০১টি ব্যয় ভাউচারসহ একটি আবেদন দাখিল করেন। | বিস্তারিত আলোচনান্তে ব্যয় ভাউচার সঠিক থাকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য ০২টি ব্যাটারী ও একটি আইপিএস বাবদ সর্বমোট ১,১৫,৪৬০/- (এক লক্ষ পনের হাজার চারশত ষাট) টাকা। উক্ত ব্যয় বিল হতে ১০% ভ্যাট বাবদ ১০,০৪০/-, ৫% আয়কর বাবদ ৫,০২০/- টাকা সংশ্লিষ্ট কোডে জমাদানপূর্বক নীট বিল ১,০০,৪০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জনাব মোঃ সাইফুল ইসলাম এন্টারপ্রাইজ, তাহিরপুররে নামে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |
| ২১ | ডরমেটরীর টয়লেট মেরামত সংক্রান্ত | উপজেলা ডরমেটরীর টয়লেট জরুরী ভিত্তিতে সংস্কার ও মেরামত করা হয়। মেরামত বাবদ ৮০০০/- টাকা ব্যয় করা হয়। ব্যয় বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে টয়লেট সংস্কার ও মেরামতের ৮০০০/-(আট হাজার পাঁচশত) টাকা পরিশোধ প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |
| ২২ | মাহরাম নদীর মূখ হতে বালি উত্তোলন কার্যক্রম বন্ধ সংক্রান্ত। | চেয়ারম্যান, সদর ইউনিয়ন জানান যে, উত্তর বড়দল ইউনিয়নের মাহরাম নদীতে একটি চক্র ব্রীজের নীচ থেকে ট্রলি, পিকআপ দিয়ে বালি উত্তোলন করে ঠিকাদার এর নিকট বিক্রি এবং অন্যান্য জায়গায় পরিবহন করা হচ্ছে। এই রকম কার্যক্রম অব্যাহতে থাকলে মাহরাম নদী ও স্থানীয় বিভিন্ন হাওরের ফসল অনিষ্ট সহ মারাত্বক ক্ষতির সম্মুখীন হবে। | বিস্তারিত আলোচনান্তে মাহরাম নদীতে বালি উত্তোলন এর কার্যক্রম বন্ধসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ তাহিরপুর থানা সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, তাহিরপুর থানা ও সংশ্লিষ্ট সকল |
| ২৩ | বিয়াম ল্যাবরেটরী স্কুল ও শিশুপার্ক বিষয়ক | বিয়াম ল্যাবরেটরি স্কুল এর শিক্ষক নিয়োগ সহ সুষ্ঠভাবে পাঠদানসহ ইংরেজী ভার্সনে কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানটি স্থানীয় জনপ্রতিনিধিসহ কর্মকর্তাদের সু-দৃষ্টিসহ সার্বিক সহযোগিতা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>২। উপজেলা শিশু পার্কের কাজ চলমান রয়েছে। কাজটি সমাপ্ত হওয়ার পর পাকের রক্ষণাবেক্ষনের সুবিধার্থে ০৩ (তিন) জন লোক নিয়োগ দেয়া হবে। নিয়োগকৃত ব্যক্তিদের মজুরি/সম্মানী পার্কে প্রবেশ মূল্য টিকেটের আয় থেকে বহন করা হবে এবং প্রাপ্ত আয়ের অবশিষ্ট অর্থ উপজেলা রাজস্ব তহবিলে জমা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বিয়াম ল্যাবরেটরি স্কুল শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধিসহ কর্মকর্তাদের সার্বিক সহযোগিতার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। উপজেলা শিশু পার্কটি রক্ষণাবেক্ষনের সুবিধার্থে ০৩ (তিন) জন লোক নিয়োগদান এবং প্রবেশ মূল্য টিকেটের আয় থেকে নিয়োগকৃত ব্যক্তিদের সম্মানী/মজুরি বহন করা হবে এবং প্রাপ্ত আয়ের অবশিষ্ট অর্থ উপজেলা রাজস্ব তহবিলে জমা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকল<br>উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |
| ২৪ | সড়কবাতি স্থাপন সংক্রান্ত ; | জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ডের আওতায় "পরিবেশ" বন ও জলবায়ু পরিবর্তন শির্ষক প্রকল্পের অধীনে পূর্বের অনুমোদিত ০৫ (পাঁচ) টি স্থানের নামের সাথে আরও ০৫টি (পাঁচ) টি স্থানে সড়ক বাতি স্থাপনের জন্য যেমন উপজেলা পরিষদ পুকুর পাড়ে ০৬ টি, ট্যাকেরঘাট নিলাদ্রী লেকের পাড়ে ০৪ টি, বারেক টিলায় ০৩ টি উপজেলা শিশু পার্কে ০১ টি, লাকমা পূর্বপাড় কবর স্থানে ০১টিসহ মোট ১৫টি সড়ক বাতি নামীয় স্থানে স্থাপনের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ডের আওতায় "পরিবেশ" বন ও জলবায়ু পরিবর্তন শির্ষক প্রকল্পের অধীনে পূর্বের অনুমোদিত ০৫ (পাঁচ) টি স্থানের নামের সাথে আরও ০৫টি (পাঁচ) টি স্থানে যেমন উপজেলা পরিষদ পুকুর পাড়ে ০৬ টি, ট্যাকেরঘাট নিলাদ্রী লেকের পাড়ে ০৪ টি, বারেক টিলায় ০৩ টি উপজেলা শিশু পার্কে ০১ টি, লাকমা পূর্বপাড় কবর স্থানে ০১টি সহ মোট ১৫টি সড়ক বাতি উল্লেখিত নামীয় স্থানে জনস্বার্থে স্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী,তাহিরপুর। |



CamScanner

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪-২৬(৫০)

তারিখঃ ০২ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। সিনিয়র সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। উপজেলা...............................................কমর্কর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান, ..........................................(সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৮। অফিস নথি/ মাস্টার ফাইল।

মো : আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
E-mail: unotahirpur@gmail.com

সভাপতি: জনাব মোঃ আবুল হাসেম, উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর।
তারিখ ও সময়: ৩০/০১/২৫, সময়: ১২.৩০.

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আবুল হাসেম | উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর | |
| ০২ | মোঃ [illegible] ইসলাম | উপজেলা [illegible] অফিসার | [illegible] |
| ০৩ | মোঃ [illegible] রহমান | চেয়ারম্যান শ্রীপুর (উঃ) | [illegible] |
| ০৪ | আলী আহমদ মুরাদ | চেয়ারম্যান শ্রীপুর দঃ | [illegible] |
| ০৫ | [illegible] আলী | চেয়ারম্যান [illegible] | [illegible] |
| ০৬ | মোঃ জাহিদুল ইসলাম | উপজেলা প্রকৌশলী | [illegible] |
| ০৭ | মোঃ [illegible] খান | UFPO | [illegible] 30.1.25. |
| ০৮ | আবদুল [illegible] | তাহিরপুর থানা | [illegible] ৩০/০১/২০২৫ |
| ০৯ | মোঃ [illegible] হোসেন | UWAO তাহিরপুর | [illegible] |
| ১০ | মোঃ [illegible] ইসলাম | [illegible] উচ্চ বিদ্যালয় ও কলেজ | [illegible] |
| ১১ | [illegible] | [illegible] তাহিরপুর | Alim |

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১২ | মোঃ শরীফ হোসাইন | মেডিকেল অফিসার | [signature] |
| ১৩ | মুহাম্মদ কবীর | ULFA<br>[illegible] | [signature] |
| ১৪ | মো: মাহমুদুল হাসান | শাখা ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>তাহিরপুর, শাখা | [signature] |
| ১৫ | প্রশান্ত কিশোর দাস, ম্যানেজার<br>০১৭১১-০৪২৫৮৬৪ | বিআরডিবি কর্মকর্তা<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>তাহিরপুর, সুনামগঞ্জ | [signature] |
| ১৬ | মোহাম্মদ রফিকুল ইসলাম | উপজেলা [illegible]<br>কর্মকর্তা,<br>তাহিরপুর, | [signature] |
| ১৭ | মোহাম্মদ মুহিবুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন<br>অফিসার<br>তাহিরপুর, সুনামগঞ্জ, | [signature] |
| ১৮ | জিতেন্দ্র সূত্রধর<br>সহকারী কারিগরি | উপজেলা সমবায় অফিসার কার্যালয়<br>তাহিরপুর, সুনামগঞ্জ | [signature] |
| ১৯. | হোসাইন আহমদ বিপ্লব | ইউডিসি, ইউনিয়ন ডিজিটাল<br>স্থানীয় সরকার বিভাগ, | [signature] |
| 20 | মোঃ মুজাম্মিল হোসাইন | ইউ. এফ., লাহিক<br>স্থানীয় সং. প্র. বিভাগ | [signature] |